দৈনিক সংবাদ

APR. 0 1 2001

তারিখ ............

পৃষ্ঠা ১২ ... কলাম ... ৬...

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস

# ছাত্রদলের ২ ক্যাডারের হাতাহাতি ছাত্রলীগ ক্যাডারদের গুলি, ধাওয়া

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ ছাত্রদলের দু কর্মীর হাতাহাতির প্রতিবাদে ছাত্রলীগ ক্যাডাররা গতকাল শনিবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গুলি, ছাত্রদলকে ধাওয়া ও তাৎক্ষণিকভাবে সন্ত্রাস বিরোধী মিছিল করেছে।

গতকাল শনিবার দুপুরে ডাকসু ভবনের সামনে হরতালের সমর্থনে ও ছাত্রদলের সাধারণ সম্পাদক সাহাবুদ্দিন লাল্টুর মুক্তির দাবিতে সমাবেশের শেষ মুহূর্তে ছাত্রদলের সিদ্দিক ও মাহবুবের মধ্যে হাতাহাতি হয়। এ সময় মধুর কেন্টিনে অবস্থানরত ছাত্রলীগের নেতাকর্মীরা তিন রাউন্ড গুলি করে এবং তাদের ধাওয়া করে ক্যাম্পাস থেকে তাড়িয়ে দেয়। তখন সেখানে ছাত্রলীগ ক্যাডার এমদাদ ও আলীমকে দেখা গেছে। এমদাদ জহুরুল হক হল ও আলীম মুহসীন হলের ছাত্র। প্রত্যক্ষদর্শীরা আরো জানায়, সেখানে মুহসীন হলের বিমানকেও দেখা গেছে।

এ ঘটনার সাথে সাথে গোটা ক্যাম্পাসে আতঙ্ক ছড়িয়ে পড়ে। ছাত্রছাত্রীরা প্রাণভয়ে দৌড়ে পালিয়ে যায়।

ছাত্রলীগ এ ঘটনায় ছাত্রদলকে দায়ী করে তাৎক্ষণিকভাবে ক্যাম্পাসে সন্ত্রাস-বিরোধী মিছিল ও সমাবেশ করেছে। মিছিলটি মধুর কেন্টিন থেকে বের হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণশেষে ডাকসু ভবনের সামনে সমাবেশ করে। সমাবেশে বক্তব্য রাখেন কাজী এবাদত হোসেন, সুজিত রায় নন্দী, আশরাফুল আজিম রুবন, রফিকুল ইসলাম, এ কে এম আজিম প্রমুখ।